

শিক্ষা মন্ত্রণালয়

JUN. 12 2002

JUN. 13 2002

তারিখ:
স্মারক:

শিক্ষা প্রতিষ্ঠানে ২৫ হাজার কম্পিউটার দেয়া হবে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষাকে সহজসাধ্য করার জন্য সরকার বিনামূল্যে সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২৫ হাজার কম্পিউটার প্রদানের কর্মসূচি গ্রহণ করেছে।

মন্ত্রী সোমবার ঢাকায় শিক্ষা মন্ত্রণালয়ের 'নির্বাচিত মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় সরকারি স্কুলে কম্পিউটার প্রদান উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন।
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবদুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম এবং প্রকল্প পরিচালক ড. আখতারী খানম বক্তৃতা করেন। তথ্য বিবরণী।